

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম  
www.sesip.gov.bd



- স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৯৯/Pre Voc.Voc Edu (পার্ট-৭)/২০২৩/১৩২০ তারিখ: ১৬.১১.২০২৩ খ্রি.  
বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহকৃত বিজ্ঞান সরঞ্জাম ব্যবহার সংক্রান্ত তথ্য প্রেরণ।  
সূত্র : মাউশি অধিদপ্তরের স্মারক নং-মাউশি/পরি/সেসিপ-বিবিধ/০৬/২০১৫/২৩০; তারিখ: ১৮.০৭.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৮ জুন ২০২৩ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, অধ্যাপক নেহাল আহমেদ, মহোদয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর Sector Program Implementation Committee (SPIC)-এর ১৩তম সভার কার্যবিবরণী ৩.৩ নং সিদ্ধান্তটি নিম্নরূপ:

“সেসিপ-এর আওতায় ৬৪০টি প্রতিষ্ঠানে চলমান ভোকেশনাল কার্যক্রম, ৭১০টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি লার্নিং সেন্টার, ২০,০০০ শিক্ষা প্রতিষ্ঠানে Science Equipment সরবরাহ এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তর-এর মাধ্যমে বিদ্যালয়সমূহের শ্রেণিকক্ষ নির্মাণ কার্যক্রমের উপর স্থিরচিত্রসহ একটি সামগ্রিক প্রতিবেদন প্রস্তুত করে জরুরী ভিত্তিতে সেসিপ কার্যালয়, মহাপরিচালক বরাদ্দ প্রেরণ করবে”।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে সেসিপ-এর আওতায় আওতায় প্রায় ২০,০০০ শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। এ সকল প্রতিষ্ঠানের মধ্য হতে প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য ৫১০টি বিদ্যালয়/ মাদ্রাসাকে নির্বাচন করা হয়েছে (তালিকা সংযুক্ত)। উক্ত প্রতিষ্ঠানে নির্বাচিত প্রতিষ্ঠানের যে সকল বিজ্ঞান শিক্ষক সেসিপের আওতায় বিদেশ ভ্রমণ করেছেন তাঁরা তথ্য সরবরাহে মুখ্য দায়িত্ব পালন করতে পারেন। এমতাবস্থায়, সরবরাহকৃত বিজ্ঞান সরঞ্জাম ব্যবহারের তথ্য সংযুক্ত ছক অনুযায়ী আগামী ২৮.১১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে Google Form-এ তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে আগামী ২০.১১.২০২৩ খ্রি. তারিখে সকাল ১১.০০ টায় সেসিপ-এর যুগ্ম প্রোগ্রাম পরিচালক এর সভাপতিত্বে সকল আঞ্চলিক পরিচালক, জেলা শিক্ষা অফিসার এবং আঞ্চলিক কার্যালয় ও জেলার ফোকাল পার্সনদের সমন্বয়ে অনলাইনে (জুম প্ল্যাটফর্ম) একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার লিংক যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হবে।

৩। এছাড়াও জেলা শিক্ষা অফিসারগণ তাঁর আওতাধীন সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণের সমন্বয়ে অনলাইনে (জুম প্ল্যাটফর্ম) ২১.১১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে সভা আয়োজন করবেন এবং তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। তথ্য প্রেরণের বিষয়ে কোনো জিজ্ঞাসা থাকলে তা জনাব মো. এমদাদুল হক, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সংযুক্ত কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ (মোবাইল-০২৭১০০৭৫৬৪৫, ইমেইল-sesipvoc640@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীত জরুরী

সংযুক্তি: ২০.....পাতা।

২৬.১১.২০২৩

(প্রফেসর ড. সামসুন নাহার)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ. দা.)

ফোন: +৮৮০২-৪১০৫৩৪৮৯

email: jpd.sesip@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল অঞ্চল)।
২. উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল অঞ্চল)।
৩. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা। [অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে পত্র, ফর্ম ও Google Form লিংক পৌছানোর অনুরোধসহ]।
৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস) [অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে পত্র, ফর্ম ও Google Form লিংক পৌছানোর অনুরোধসহ]।
৫. ফোকাল পার্সন (সকল অঞ্চল)। [অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে পত্র, ফর্ম ও Google Form লিংক পৌছানোর অনুরোধসহ]।
৬. ফোকাল পার্সন (সকল জেলা)। [অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে পত্র, ফর্ম ও Google Form লিংক পৌছানোর অনুরোধসহ]।

৭. উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার (সংশ্লিষ্ট উপজেলা/থানা) [অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠানে পত্র, ফর্ম ও Google Form লিংক পৌছানোর অনুরোধসহ।

৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান), উপজেলা:.....জেলা:.....।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. পি এ টু যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ (যুগ্ম প্রোগ্রাম পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

